দৈনিক বাংলা

তারিখ 18 JUL 1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

27

(25-

## পরীক্ষা কেন্দ্র পরিদর্শন

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ টঙ্গী, গাজীপুর ও সাভারে তৃতীয় দিনের মত কয়েকটি এইচ এস সি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

তিনি টঙ্গী সরকারী কলেজ, কাজী আজিমুদ্দিন কলেজ, ভাওয়াল বদরে আলম কলেজ ও সাভার কলেজে পরীক্ষা কেন্দ্রের বিভিন্ন হল ও কক্ষ ঘুরেদেখেন।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত কাজী জাফর আহমদ ইনভিজিলেটর ও কলেজ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা কালে তাদের অসদুপায় অবলম্বন মুক্ত পরীক্ষা গ্রহণে সরকারের সিদ্ধান্তের প্রতি কঠোর ও আন্তরিক হওয়ার নির্দেশদেন।

প্রধানমন্ত্রীর পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে জনাব হাসানউদ্দিন সরকার এমপি এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষার মহাপরিচালক আবদুর রশিদ চৌধুরী তার সঙ্গে ছিলেন।